

মহিলা সহায়তা কর্মসূচি

মহিলাদের স্বার্থ সংরক্ষণ ও অধিকার প্রতিষ্ঠা, মহিলাদের সামাজিক অধিকার নিশ্চিত করা, তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি, তাদের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক মর্যাদা সংরক্ষণ ও আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে মহিলা সহায়তা কর্মসূচি ১৯৯১ সাল হতে উন্নয়ন প্রকল্পের অধীনে এবং ২০০১ সাল হতে রাজস্ব বাজেটের আওতায় কার্যক্রম পরিচালনা করে আসছে। এ কর্মসূচির অধীনে নারী নির্যাতন প্রতিরোধ সেলের মাধ্যমে অসহায় নির্যাতিত মহিলাদের বিনা খরচে আইনগত পরামর্শ প্রদান, নির্যাতিতা ও অসহায় নারীদের অভিযোগ গ্রহণ এবং বিনামূল্যে আইনী সহায়তা দান, বাদী ও বিবাদী পক্ষের মধ্যে সালিশি/কাউন্সিলিং এর মাধ্যমে পারিবারিক কলহ মীমাংসা করা, পারিবারিক নির্যাতনের শিকার নারীদের ভরণ পোষণ আদায়ের ব্যবস্থা করা, নির্যাতিতা ও তালুকপ্রাপ্ত নারীদের দেনমোহর আদায়ের ব্যবস্থা করা এবং নাবালক সন্তানের খোরপোষ আদায়ের ব্যবস্থা করা হয়। পাশাপাশি বিনা খরচে সেলে নিয়োজিত আইনজীবীর মাধ্যমে আদালতে বিচার পরিচালনায় সহায়তা করা হয়। পত্রিকায় প্রকাশিত নারী নির্যাতন সংক্রান্ত ঘটনার তথ্য সংরক্ষণ এবং ফলো-আপও করা হয়। দেশে সংঘটিত যৌতুক দাবির কারণে যে ধরনের নির্যাতনের সুযোগ সৃষ্টি হয় তাকে নিরুৎসাহিত করতে এ সেলের মাধ্যমে কার্যক্রম গ্রহণ করা হয়। এছাড়া, মহিলা সহায়তা কর্মসূচি মহিলা সহায়তা কেন্দ্রের মাধ্যমে নির্যাতন ও আশ্রয়হীন নারীদের বিনা খরচে ৬(ছয়) মাস পর্যন্ত (দুটি সন্তানসহ অনূর্ধ্ব ১২ বছরের নিচে) আশ্রয় প্রদান, বিনামূল্যে খাদ্য, বস্ত্র, চিকিৎসা ও প্রাথমিক শিক্ষা প্রদান সহ সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কেন্দ্রে অবস্থানকালীন সময়ে তাঁদের বিনা খরচে প্রশিক্ষণ প্রদান করা হয়।

মহিলা সহায়তা কর্মসূচির বাৎসরিক প্রতিবেদন (জুলাই/১৭—জুন/১৮ পর্যন্ত)।

মাসের নাম	মাসিক অভিযোগ(টি)	মাসিক নিষ্পত্তি(টি)	দেনমোহরানা বাবদ মাসিক আদায় (টাকায়)	আশ্রয় প্রদান (মা ও শিশু) (জন)
জুলাই/১৭	১০৯	৬৪	৫,০১,৯০০/-	৯৮
আগস্ট/১৭	৭৫	৬২	৩৮,৯৪,৯০০/-	৯৩
সেপ্টেম্বর/১৭	১০৩	৬৬	৯,৭০,৮০০/-	১০৭
অক্টোবর/১৭	৯৬	৬৭	১২,২৭,৩০০/-	১১৫
নভেম্বর/১৭	৯৭	৭১	১১,৭৫,৮০০/-	১১০
ডিসেম্বর/১৭	৫১	৮৭	৭,৯৬,৬০০/-	৭২
জানুয়ারি/১৮	৯৭	৭৫	৬,৫৪,১০০/-	৭৮
ফেব্রুয়ারি/১৮	৫৪	৭২	৩,৭২,২০০/-	৭১
মার্চ/১৮	৫৫	৭৮	১১,১১,৫০০/-	৬১
এপ্রিল/১৮	৮৯	৮৪	১৩,৯০,৩০০/-	৭৩
মে/১৮	৬৮	৭১	১০,৮২,৩০০/-	৭৩
জুন/১৮	৬৪	৬৯	৮,৫৩,৪০০/-	৭১

বি: দ্র: জেরসহ মোট অভিযোগের উপর নিষ্পত্তি করা হয়।



দেনমোহরানা পরিশোধ করা হচ্ছে



মামলার শুনানী গ্রহণ করা হচ্ছে



দেনমোহরানা পরিশোধ করা হচ্ছে।